

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পররাষ্ট্র মন্ত্রণালয়  
গবেষণা শাখা  
ঢাকা

নং-১৯.০০.০০০০.৮১০.০৩.০০১.১৯-২৪৯

তারিখঃ ২১ এপ্রিল ২০১৯

প্রেরকঃ মুহাম্মদ সাকিব সাদাকাত  
পরিচালক

প্রাপকঃ উপ-পরিচালক (প্রশাসন)  
বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল এন্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (BISS)  
১/৪৬ পুরাতন এলিফেন্ট রোড, ঢাকা।

বিষয়ঃ বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল এন্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (BISS)-এর গবেষণা ফেলো জনাব মোহাম্মদ আশিক রহমান  
-এর অনুকূলে ভারত সফরের জন্য সরকারী মঞ্জুরী জ্ঞাপন

মহোদয়,

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল এন্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (BISS)-এর গবেষণা ফেলো জনাব মোহাম্মদ আশিক রহমান-এর অনুকূলে আগামী আগামী ২৬-৩০ এপ্রিল ২০১৯ তারিখে নিউ দিল্লী, ভারতে অনুষ্ঠিতব্য 'India Foundation's Election Study Programme' শীর্ষক Dialogue-এ যোগদানের নিমিত্ত ভারতে সরকারি সফরের মঞ্জুরী জ্ঞাপন করছে।

০২। সফরের শর্তাবলী নিম্নরূপঃ

ক) উক্ত সফরকালীন সময়ে তিনি সরকারী কাজে নিয়োজিত বলে বিবেচিত হবেন এবং বিধি অনুযায়ী পূর্ণ বেতন ভাতাদি প্রাপ্য হবেন। তবে বেতন/ভাতাদির কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না।

খ) তিনি আগামী ২৫ এপ্রিল ২০১৯ অথবা তার নিকটবর্তী সময়ে ভারতের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করতে পারেন এবং শীর্ষক Dialogue শেষে আগামী ০১ মে ২০১৯ অথবা তার নিকটবর্তী সময়ে দেশে প্রত্যাবর্তন করতে পারেন।

গ) বর্ণিত সফরে আমন্ত্রণকারী সংস্থা কর্তৃক আবাসন, আহার এবং অভ্যন্তরীণ পরিবহনের ব্যয়ভান বহন করা হবে। তাছাড়াও, BISS কর্তৃক বর্ণিত কর্মকর্তার জন্য ইকোনমি ক্লাসের বিমান ভাড়া (ঢাকা-নিউ দিল্লী-ঢাকা) এবং ভ্রমণ সংক্রান্ত বিধি মোতাবেক বহির্গমনের জন্য নির্ধারিত হারে টার্মিনাল চার্জ এবং ট্রানজিট ভাতা প্রাপ্য হবেন, যা BISS-এর ২০১৮-১৯ অর্থবছরের বাজেটের সংশ্লিষ্ট খাত হতে সংকুলান করা যেতে পারে। সফর শেষে তিনি সংশ্লিষ্ট প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা বরাবর মূল ডাউচার/বিল প্রদানপূর্বক তাঁকে প্রদত্ত যে কোন অগ্রীমের আবশ্যিকভাবে সমন্বয় সাধন করবেন।

ঘ) বর্ণিত কর্মকর্তা সফর শেষে দেশে প্রত্যাবর্তনের পর অনধিক সাত (০৭) কার্যদিবসের মধ্যে একটি প্রতিবেদন পররাষ্ট্র মন্ত্রণালয়, গবেষণা অনুবিভাগে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

আপনার একান্ত,

(মুহাম্মদ সাকিব সাদাকাত)

পরিচালক

ফোন-৯৫৫৪১১৫

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
- ০২। মহাপরিচালক (গবেষণা), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৩। মহাপরিচালক (কনসুলার ও কল্যাণ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৪। পরিচালক (এফএমও/এসএমও/এফএসও), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পররাষ্ট্র বিষয়ক, ১ম-১২ তলা সরকারী অফিস ভবন (৯ম তলা), সেগুন বাগিচা, ঢাকা।
- ০৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ০৭। জেনারেল ম্যানেজার, বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ বিভাগ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
- ০৮। জনাব মোহাম্মদ আশিক রহমান, গবেষণা ফেলো, বিআইআইএসএস, ঢাকা।
- ০৯। সিনিয়র সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১০। অফিস কপি।

(মুহাম্মদ সাকিব সাদাকাত)  
পরিচালক